

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় অফিস
কসবা, ব্রাহ্মণবাড়িয়া
www.cooperative.kasba.brahmanbaria.gov.bd
ucokasba77@gmail.com

স্মারক নং ৩৭

তারিখ : ৬/৭/২৫

বিষয় : দি কসবা কো-অপারেটিভ কর্পোরেশন লিঃ এর বিদ্যমান ব্যবস্থাপনা কমিটি ভেঞ্জে দেওয়ার সুপারিশ প্রেরণ।
সূত্র : উপজেলা সমবায় অফিস, কসবা, ব্রাহ্মণবাড়িয়া এর ২০/০৮/২০২৫ তারিখের ২২৫ নং স্মারক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, মোছলেমগঞ্জ নতুন বাজার হাইওয়ে রোডের উত্তর পার্শ্বে আনুমানিক ৪০(চল্লিশ) শতাংশ ভূমির উপর দি কসবা কো-অপারেটিভ কর্পোরেশন লিঃ এর নির্মিত ০৪ (চার) নং মার্কেটে ২৭টি দোকান রয়েছে। দি কসবা কো-অপারেটিভ কর্পোরেশন লিঃ এর বিদ্যমান ব্যবস্থাপনা কমিটি বেইনীভাবে উক্ত মার্কেটের দু'তলায় সমবায় অধিদপ্তরের পূর্বানুমোদন গ্রহণ ছাড়াই নির্মাণ কাজ আরম্ভ করে পিলার স্থাপন করে ফেলেছে। অনুসন্ধান জানা গেছে দু'তলা ভাড়া প্রদান করা হবে এবং ৩-৬ তলায় ফ্ল্যাট বিক্রয় করা হবে। গোপনে ফ্ল্যাট বিক্রয় কার্যক্রম চলমান রয়েছে। ২-৬ তলার নির্মাণ ব্যয়ে আনুমানিক ১ (এক) কোটি টাকা বিনিয়োগ করা হবে। উক্ত বিনিয়োগের পূর্বে বিভাগীয় যুগ্ম-নিবন্ধক, চট্টগ্রামের নিকট হতে বিনিয়োগ অনুমোদন ও উপ-কমিটিসমূহ অনুমোদন গ্রহণের বাধ্যবাধকতা থাকলেও তা এক্ষেত্রে করা হচ্ছে না। তাছাড়া বিগত ৩০/০৪/২০২৫ তারিখে ভেন্যু পরিবর্তন করে বিনা নোটিশে প্রশ্লবদ্ধ বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠান করেছে। ফলে সদস্যগণ বার্ষিক সাধারণ সভায় অংশ গ্রহণ করতে ব্যর্থ হয়েছে এবং সভার বিভিন্ন এজেন্ডার উপর আলোচনা ও তাদের মতামত প্রদান করতে ব্যর্থ হয়েছে। এ বিষয়ে আপনার দপ্তরে একটি ডিসপুট মামলা রুজু হয়েছে মর্মে অনুলিপিদৃষ্টে জানা যায়।

তাছাড়াও, ব্যবস্থাপনা কমিটির নিকট স্টক ভেরিফিকেশনের জন্য তালিকা দাখিলের নির্দেশ প্রদান করা হলেও দাখিলে বিদ্যমান ব্যবস্থাপনা কমিটি ব্যর্থ হয়েছে।


তাছাড়াও, ২০২৪-২০২৫ সনের বার্ষিক হিসাব বিবরণী দাখিলের জন্য ব্যবস্থাপনা কমিটিকে নির্দেশনা প্রদান করা হলেও দাখিলে ব্যর্থ হয়েছে।

তাছাড়াও, ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস প্ল্যাটফরমে সকল সদস্যের তালিকা যুক্ত করার জন্য সদস্যদের এনআইডি কার্ড, মোবাইল নম্বর ও ছবি দাখিলের জন্য ব্যবস্থাপনা কমিটিকে নির্দেশনা প্রদান করা হলেও দাখিলে ব্যর্থ হয়েছে।

তাছাড়াও, মডেল মসজিদের জন্য অধিগ্রহণকৃত ভূমির মূল্য বাবদ প্রাপ্ত অর্থ বিভাবে সংরক্ষণ বা ব্যয় করা হয়েছে তার তথ্য দাখিলের জন্য ব্যবস্থাপনা কমিটির সভাপতিকে নির্দেশনা প্রদান করা হলেও দাখিলে ব্যর্থ হয়েছে।

তাছাড়াও, নিরীক্ষা রিপোর্ট প্রাপ্তির ৬০(ষাট) দিনের মধ্যে অডিট রিপোর্টে বর্ণিত দোষ ত্রুটি ও অনিয়ম সংশোধন করে অডিট পরিপালনপত্র দাখিলে বিদ্যমান ব্যবস্থাপনা কমিটি ব্যর্থ হয়েছে।

এমতাবস্থায়, সমবায় সমিতি আইনের ৪৭ ধারায় নির্দেশনা মোতাবেক সমবায় সমিতি আইনের ২২ ধারায় দি কসবা কো-অপারেটিভ কর্পোরেশন লিঃ এর বিদ্যমান ব্যবস্থাপনা কমিটি ভেঞ্জে দেয়ার ব্যবস্থা গ্রহণের জন্য আবারো সুপারিশ করা হলো।


উপজেলা সমবায় অফিসার
কসবা, ব্রাহ্মণবাড়িয়া।

জেলা সমবায় অফিসার
ব্রাহ্মণবাড়িয়া।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি বিতরণ :
১। যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় দপ্তর, চট্টগ্রাম।